

১৬ জুন ২০০৮

বোর্ড

বাজেটে ২৫ শতাংশ শিক্ষা খাতে বরাদের দাবিতে সমাজতাত্ত্বিক ছাত্রস্থন্তের বিক্ষোভ

যায়াদি রিপোর্ট

সমাজতাত্ত্বিক ছাত্রস্থন্তে কেন্দ্রীয় কমিটির উদ্দোগে প্রস্তাবিত বাজেটে শিক্ষা খাতে বরাদের কমানোর প্রতিবাদ জানিয়েছে। গতকাল জাতীয় বাজেটে ২৫ শতাংশ শিক্ষা খাতে বরাদের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ মিহিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। সংগঠনের কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক জননীর দস্ত নন্টের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন দস্তর সম্পাদক মোহেন্দী হাসান তমাল, প্রচার ও প্রকাশ সম্পাদক ইমরান হযীর রুমন, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক মলয় সরকার প্রমুখ। সমাবেশে নেতৃত্ব বলেন, প্রস্তাবিত বাজেটে শিক্ষা খাতে গতবারের তুলনায় ১১২ কোটি টাকা বরাদের কর্মেছে এবং গত বছর শুরুতে যা বরাদে ছিল বছর শেষে তার তুলনায় খরচ কর

করেছে আরো ৭১৬ কোটি টাকা। এবার বছরের শুরুতেই কম বরাদে প্রমাণ করে, সরকার শিক্ষার দায়িত্ব অধীকার করছে এবং তা বেসরকারি প্রতিষ্ঠানের খাতে বাণিজ্যিক ভিত্তিতে ছেড়ে দিতে চাইছে। সভায় বক্তব্য আরো বলেন, শুধু শিক্ষা খাতেই নয়, অন্যান্য পরিষেবা খাতেও একই অবস্থা। স্বাস্থ্য খাতে বরাদে কর্মেছে গতবারের তুলনায় দশমিক ৪১ শতাংশ, যাতে গত বছরের তুলনায় খরচ করেছে ২০৯ কোটি টাকা। বিন্যুৎ-জ্ঞানান্বিত ও খনিজসম্পদ খাতে গত বছর বরাদের তুলনায় কম খরচ করেছে ১ হাজার ২৭০ কোটি টাকা। একদিকে বাজেটের আংকার বাড়ছে অর্থাৎ জনগণের কাছ থেকে কর ও অন্যান্য মাধ্যমে সরকার বাড়তি টাকা আদায় করছে অন্যদিকে জনগণের কল্যাণমূলক খাতে বরাদে করিয়ে দিচ্ছে। এ

বাড়তি বরাদে চলে যাচ্ছে সুদ ও অন্যান্য অন্তর্গাদনশীল খাতে। খণ্ড এনে জনগণের কল্যাণ হয় না। বরং লুটপট করে শাসকগোষ্ঠী আর সুদের টাকা জোগান দেয় জনগণ। অন্তর্গাদনশীল খাতে প্রয়োজনের তুলনায় বেশি বরাদে দেয়া হচ্ছে মন্তব্য করে সভায় বক্তব্য আরো বলেন, প্রতিরক্ষা বাজেট গত বছরের তুলনায় ৯৩৫ কোটি টাকা বৃদ্ধি করেছে এবং এ খাতে বরাদের তুলনায় বাড়তি খরচ হয়েছে ৪৮১ কোটি টাকা। স্বরাষ্ট্র খাতে বরাদে বৃদ্ধি করা হয়েছে ৭১৫ কোটি টাকা, গত বছর বরাদের তুলনায় বাড়তি খরচ করেছে ৩০০ কোটি টাকা। জনপ্রশাসন খাতে বরাদে বৃদ্ধি পেয়েছে ৪ হাজার ৯৪০ কোটি টাকা, গত বছর বরাদের তুলনায় বাড়তি খরচ করেছে ৪ হাজার ২৩ কোটি টাকা।